

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা

নং ০৫.০১.২৬৭২.১২৫.৯৯.৬৫১.১১-২৬৩

তারিখ: ০৭-০১-২০১৮ খ্রিঃ

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিপিএটিসি স্কুল এন্ড কলেজে ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে পোষ্য নির্ধারণ সংক্রান্ত নিম্নরূপ নীতিমালা জারি করা হলো;

- (ক) বিপিএটিসি (আরপিএটিসিসহ) তে কর্মরত/ পিআরএল ভোগরত সকল স্তরের কর্মচারীর সন্তান পোষ্য হিসাবে গণ্য হবে।
- (খ) বিপিএটিসিতে কর্মরত/ পিআরএল ভোগরত কোন কর্মচারীর সঙ্গে বসবাসকারী সন্তানের সন্তান পোষ্য হিসাবে গণ্য হবে, যদি প্রশাসন অনুবিভাগের অনুসন্ধানে প্রমাণিত হয় যে, উক্ত কর্মচারীর সন্তান তার সাথে বিপিএটিসি ক্যাম্পাসে বসবাস করছেন। সেক্ষেত্রে প্রশাসন অনুবিভাগ হতে প্রত্যয়ন গ্রহণ করতে হবে।
- (গ) বিপিএটিসিতে কর্মরত/ পিআরএল ভোগরত কোন কর্মচারীর ভাই/ বোনের সন্তান পোষ্য হিসাবে গণ্য হবে, যদি সে সন্তান পিতৃ বা মাতৃহীন হয়। এক্ষেত্রে পিতা/মাতার মৃত্যুর সনদ দাখিল সাপেক্ষে প্রশাসন অনুবিভাগ হতে প্রত্যয়ন গ্রহণ করতে হবে।
- (ঘ) বিপিএটিসিতে কর্মরত/পিআরএল ভোগরত কোন কর্মচারীর ভাই/বোন পোষ্য হিসাবে গণ্য হবে যদি তারা উক্ত কর্মচারীর উপর নির্ভরশীল থেকে তার সাথে বিপিএটিসি ক্যাম্পাসে বসবাস করেন। সেক্ষেত্রে প্রশাসন অনুবিভাগ হতে প্রত্যয়ন গ্রহণ করতে হবে।
- (ঙ) বিপিএটিসিতে একাধারে ৫ (পাঁচ) বছর বা ততোধিককাল দৈনিকভিত্তিতে কর্মরত সহায়ক শ্রমিকদের সন্তান পোষ্য হিসাবে গণ্য হবে।
- (চ) বিপিএটিসি'র অভ্যন্তরে অবস্থিত সোনালী ব্যাংক, বিপিএটিসি শাখায় কর্মরত কর্মচারীগণের সন্তান পোষ্য হিসাবে গণ্য হবে।

স্বাঃ-

(মোহাম্মদ রাজিবুল ইসলাম)
উপ-পরিচালক (প্রশাসন)

নং ০৫.০১.২৬৭২.১২৫.৯৯.৬৫১.১১-২৬৩

তারিখ: ০৭-০১-২০১৮ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। সকল কর্মচারী, বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ২। পিএস টু রেক্টর (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য), বিপিএটিসি, সাভার, ঢাকা;
- ৩। অধ্যক্ষ, বিপিএটিসি স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা;
- ৪। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, বিপিএটিসি শাখা। সাভার, ঢাকা।



মোহাম্মদ রাজিবুল ইসলাম
উপ-পরিচালক (প্রশাসন)